জীবননগরে হুন্ডির টাকাসহ সীমান্তে একজন আটক

চুয়াডাঙ্গার জীবননগরে হুন্ডির ১৩ লাখ টাকাসহ রাজন আহাম্মদ নামের এক যুবককে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

বৃহস্পতিবার সকাল ১০টার বিজিবির মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের মাধবখালী বিওপির সদস্যরা মাধবখালী সীমান্তে অভিযান চালিয়ে হুন্ডির টাকাসহ তাঁকে আটক করে। রাজন আহাম্মদের জীবননগর উপজেলা মাধবখালী গ্রামের বাসিন্দা।

মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মাসুদ পারভেজ রানা জানান, মাধবখালী বিওপির টহলদল গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে মাধবখালী গ্রামের রাজন আহাম্মদ নামের এক যুবক ভারতীয় নাগরিকের কাছ থেকে হুন্ডির টাকা বাংলাদেশ নিয়ে আসছেন।

এ সংবাদের ভিত্তিতে বিজিবির টহল দল মাধবখালী সীমান্তের ৭৫ নম্বর পিলারের কাছে অবস্থান নেয়। এ সময় রাজন আহাম্মদকে দেখতে পেয়ে বিজিবি সদস্যরা তাঁকে চ্যালেঞ্জ করে। তবে বিজিবির উপস্থিতি টের পেয়ে তিনি পালানোর চেষ্টা করে। পরে বিজিবি সদস্যরা তাঁকে আটক করে তার কোমরে লুকানো অবস্থায় হুন্ডির বাংলাদেশী ১৩ লাখ টাকা জব্দ করা হয়।

আটককৃত রাজন আহাম্মদ বিজিবিকে জানিয়েছেন, ১৩ লাখ টাকা ভারতীয় এক নাগরিক সীমান্তের শুন্য রেখায় তাঁর কাছে দিয়েছিল। এই টাকা জীবননগর শহরে পৌছে দেওয়ার কথা ছিল তাঁর। তাকে জীবননগর থানায় হস্তান্তর কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।